



# উত্তরা ব্যাংক লিমিটেড

আঞ্চলিক কার্যালয়, বরিশাল অঞ্চল, বরিশাল।

অর্থস্বর্ণ আদালত আইন-২০০৩ ইং এর ১২(৩) ধারার বিধান মতে

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নাম: আব্দুর রহমান সিকদার, পিতা- হাজী আবুল হাশেম সিকদার, মাতা-হাজী জোবেদা খাতুন, ঠিকানা: ১৬৪, কলেজ রোড, পোষ্ট-খেপুপাড়া, কলাপাড়া, পটুয়াখালি তার নিজ মালিকানাধীন মেসার্স আব্দুর রহমান সিকদার নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের নামে উত্তরা ব্যাংক লিমিটেড, খেপুপাড়া শাখা, পটুয়াখালি হতে সি সি (হাইপো) ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা ঋণ গ্রহণ করেছিলেন, যা মেয়াদ উত্তীর্ণ হয়ে খেলাপী ঋণে পরিণত হয়। উক্ত ঋণের জামানত হিসাবে নিম্নে উল্লেখিত তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট রেজিস্ট্রি বন্ধক রাখেন। বারবার তলব ও তাগাদা দেয়া সত্ত্বেও ঋণ গ্রহিতার নিকট হতে ব্যাংকের পাওনা টাকা আদায় করা সম্ভব হয়নি। ০৬-০২-২০২৩ ইং তারিখ পর্যন্ত সুদসহ ব্যাংকের সর্বমোট পাওনা টাকা ৬৮,৭৭,১৪৯.৫৪ (কথায়: আটষষ্টি লক্ষ সাতাত্তর হাজার একশত ঊনপঞ্চাশ টাকা চুয়ান্ন পয়সা) মাত্র। ঋণ নেওয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতাগণ বন্ধকীকৃত সম্পত্তি বিক্রি করার ক্ষমতা ব্যাংককে প্রদান করেন। তার/তাদের প্রদত্ত ক্ষমতাবলে এবং উল্লেখিত আইনের বিধান মতে নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রি করার জন্য সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। অগ্রহী ক্রেতাগণ কর্তৃক যেকোন একটি তফসিল অথবা সকল তফসিলে দরপত্রে অংশগ্রহণ করতে পারবে যাহা আগামী ১৫-০৩-২০২৩ ইং তারিখ বেলা ০১:০০ (এক) ঘটিকার মধ্যে উত্তরা ব্যাংক লিমিটেড, খেপুপাড়া শাখায় রক্ষিত বাঞ্ছ দরপত্র জমা করতে অথবা খামের উপর “সম্পত্তি ক্রয় দরপত্র” লিখে সরাসরি/ রেজিস্ট্রি ডাকযোগে উক্ত শাখায় প্রেরণ করতে হবে এবং ঐ দিন বেলা ০২:০০ (দুই) ঘটিকার সময় দরপত্র দাতা কিংবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংক লিমিটেড এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচী অনুযায়ী বাকি টাকা পরিশোধ করতে হবে :-

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	দরপত্রের বাকী টাকা পরিশোধের সময়সীমা
অনুর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হইতে অনুর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিন
টাকা ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিন

দরপত্র গৃহীত হওয়ার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লেখিত মূল্য অপরিাপ্ত বা কম প্রতীয়মান হলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে। তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাইবে না। এ ছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্টাম্প ডিউটি ও অন্যান্য শুল্ক যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

\*দরদাতা এক বা একাধিক তফসিলের জন্য দরপত্র দাখিল করতে পারবেন।

### Schedule

33.00 Decimal Residential Land with 02 (Two) storied Building (2016 sft.) & new one Building (1588) under Mouza: Khepupara, PS-Kalapara, Kalapara Pourashava, Dist.-Patuakhali, JL No.: 06, Khatian No. SA-221 & 222; SA Mutation-888. BS-211. Dag/Plot No. SA & SA Mutation-945/1100, 972/1095, 945/1104, 975/1096, 945/1099; BS-9402, 9405 owned by Mr. Abdur Rahman Sikder (Proprietor).

আঞ্চলিক প্রধান

চেয়ারম্যান, টেন্ডার কমিটি